

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

জাতীয় মহিলা সংস্থা

তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)

১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

www.totthoapa.gov.bd

স্মারক নং ৩২.০২.০০০০.২০৫.৬২.১৮-৪৯৪


তারিখঃ ১০/১২/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ তথ্যকেন্দ্রের জন্য ব্যাংক একাউন্ট খোলা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াদীন জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন “তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের আওতায় ৪৯০ টি উপজেলা তথ্যকেন্দ্রের জন্য ৪৯০ জন তথ্যসেবা কর্মকর্তা ও ৯৮০ জন তথ্যসেবা সহকারী নিয়োগ করা হয়েছে। উল্লেখ্য যে, প্রতি উপজেলা তথ্যকেন্দ্রে ০১ জন তথ্যসেবা কর্মকর্তা ও ০২ জন তথ্যসেবা সহকারী কর্মরত থাকবেন।

২। প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী সংশ্লিষ্ট ৪৪০টি উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং তথ্যসেবা কর্মকর্তা যৌথভাবে তথ্যকেন্দ্রের ব্যয় অনুমোদন করবেন এবং যৌথভাবে চেক স্বাক্ষর করবেন। প্রকল্পের প্রধান কার্যালয় থেকে প্রেরিত অর্থ তারা যৌথভাবে সরকারী আর্থিক বিধি বিধান অনুসরণপূর্বক ব্যয় করবেন।

৩। এমতাবস্থায় তথ্যকেন্দ্রের সকল আর্থিক কার্যক্রমের জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা ও তথ্যসেবা কর্মকর্তার যৌথ স্বাক্ষরে তার উপজেলাধীন সোনালী/জনতা/রূপালী ব্যাংকে তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়) এর জন্য “TOTTHO APA DIGITAL BD G (2ND PHASE)” শিরোনামে একটি এসটিডি একাউন্ট খোলার জন্য অনুরোধ করা হল। ব্যাংক একাউন্ট খোলার পর ব্যাংকের নাম ও একাউন্ট নম্বর আবশ্যিকভাবে প্রকল্প অফিস কর্তৃক প্রেরিত গুগল ফরমের (গুগল ফরমটি পরবর্তীতে তাঁর ই-মেইলে সরবরাহ করা হবে) মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা হল।


(মীনা পারভীন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ই-মেইলঃ pd@totthoapa.gov.bd

বিতরণঃ

১। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা)

উপজেলাঃ-----, জেলাঃ-----।

২। তথ্যসেবা কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা)

উপজেলাঃ-----, জেলাঃ-----।

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থেঃ

১। নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় মহিলা সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

২। সহকারী মহাব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিমিটেড, শান্তিনগর শাখা, ঢাকা।

৩। অফিস কপি।